

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET)

কাদিরাবাদ সেনানিবাস, নাটোর।


তারিখঃ ০৪ অক্টোবর ২০১৭

বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত কাদিরাবাদ সেনানিবাস, নাটোর এ অবস্থিত বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET) এ নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিক নিয়োগের লক্ষ্যে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম	শূন্য পদের সংখ্যা	কর্মস্থল	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	প্রভাষক (টেকনিক্যাল) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগ (অস্থায়ীভাবে)	০১	BAUET কাদিরাবাদ সেনানিবাস	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর বিএসসি ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রী। খ) সর্বোচ্চ বয়স সীমা ৩৫ বছর। গ) সমপর্যায়ের ডিগ্রীধারী সেনাবাহিনী হতে স্বাভাবিক অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য।
০২	সহকারী লাইব্রেরিয়ান	০১		(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান)/সমমানের ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা ডিগ্রিপ্রাপ্ত হতে হবে। খ) সংশ্লিষ্ট বিষয়ে সিজিপিএ ৪ এর স্কেলে ৩.০০ বা তদোর্ধ্ব থাকতে হবে। গ) কম্পিউটারে অফিস প্রোগ্রামে (এমএস ওয়ার্ড, এমএস এক্সেল ও পাওয়ার পয়েন্ট) পারদর্শী হতে হবে। ঘ) সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর। ঙ) বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
০৩	ল্যাবরেটরী টেকনিশিয়ান ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (আইসিই) বিভাগ	০১		(ক) সংশ্লিষ্ট বিষয়ে অন্যান্য দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)/সমমানের ডিগ্রী। খ) সংশ্লিষ্ট বিষয়ে সিজিপিএ ৪ এর স্কেলে ৩.০০ বা তদোর্ধ্ব থাকতে হবে। গ) বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। ঘ) সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর।

### দরখাস্তের নিয়মাবলী :

- উপরোক্ত পদগুলোতে আগ্রহী প্রার্থীদের স্বহস্তে লিখিত এক কপি আবেদনপত্র জীবনবৃত্তান্তসহ প্রেরণ করতে হবে।
- আবেদনপত্র রেজিস্ট্রার, বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET), কাদিরাবাদ সেনানিবাস, দয়ারামপুর, নাটোর বরাবরে ০৯ অক্টোবর ২০১৭ তারিখের মধ্যে তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রপ্তানি ছবিসহ পৌঁছাতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- উল্লেখিত পদে নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশের নাগরিক এবং সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।
- আবেদনপত্রের সাথে সকল সনদপত্রের ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার তারিখ ও সময় পরে জানানো হবে।
- আবেদনপত্রের খামের উপর আবেদনকৃত পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকারের সময় প্রার্থীকে সকল সনদপত্র ও ট্রান্সক্রিপ্টের মূলকপি উপস্থাপন করতে হবে।
- সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার জন্য আবেদনকারীদের কোন প্রকার যাতায়াত/দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- যে কোন দরখাস্ত বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ সংক্রান্ত অন্য যেকোন প্রসঙ্গে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- সকল পদে বেতন আলোচনা সাপেক্ষ।
- অন্যান্য তথ্যের জন্য BAUET এর ওয়েবসাইট [www.bauet.ac.bd](http://www.bauet.ac.bd) তে অনুসন্ধান করা যেতে পারে।

  
 অতিরিক্ত রেজিস্ট্রার  
 BAUET, কাদিরাবাদ

বিতরণঃ

সকল নোটিশ বোর্ড

স্টেশন সদর দপ্তর, কাদিরাবাদ সেনানিবাস (নোটিশ বোর্ড)

BAUET, ওয়েবসাইট

অবগতিঃ

মাননীয় উপাচার্য (সদয় অবগতির জন্য)

ট্রেজারার